# BANKURA UNIVERSITY
# বাঁকুড়া বিশ্ববিদ্যালয়

## Office of the Controller of Examinations

**Ref No.: BKU/CE/426/2020** **Date: 25/09/2020**

# বিজ্ঞপ্তি

**(Bengali Version)**

**বিষয় :** উত্তরপত্রের আকার সম্পর্কিত নির্দেশিকা **(পি.**জি. **চতুর্থ** সেমিস্টার,পরীক্ষাসমূহ-২০২০).

সংশ্লিষ্ট নির্দেশানুসারে স্নাতকোত্তর স্তরের (চতুর্থ সেমিস্টারের) শিক্ষার্থী/পরীক্ষার্থীদের স্নাতকোত্তর (চতুর্থ সেমিস্টার) পরীক্ষায় (অক্টোবর ২০২০) ব্যবহৃতব্য উত্তরপত্রের আকার-আয়তন সংক্রান্ত অবশ্যমান্য বিষয়ের তথ্যাবলি তাদের সুবিধার জন্য জ্ঞাপন করা হল।

## A] উত্তরপত্রের জন্য ব্যবহৃতব্য কাগজঃ

- পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের উত্তর লেখার জন্য নিজের বাড়িতে লব্ধ এ৪(A4) আকারের সাধারণ কাগজ ব্যবহার করতে পারবে।
- কাগজের আকার-আয়তন একটু বড় কিম্বা ছোট হলেও পরীক্ষার্থীদের উদ্বিগ্ন হওয়ার কোনো কারন নেই।
- একই আকৃতির যে কোনো কাগজ যা গৃহেই লভ্য সেই কাগজ ব্যবহার করা যেতে পারে। এ৪ কাগজ ক্রয়ের জন্য বাজারে যাওয়ার বিশেষ প্রয়োজন নেই।
- কোনো খাতা বা নোটবই-এর সঙ্গে সংশ্লিষ্ট কাগজ পরীক্ষার উত্তরপত্র হিসেবে ব্যবহার করা উচিত হবে না। পৃথক পৃথক কাগজ উত্তরপত্র হিসেবে ব্যবহার করাই বাঞ্ছনীয়।

## B] উত্তরপত্রের লিখন পদ্ধতি:

- কোনো ছাপা বা কম্পিউটারে টাইপ কাগজ উত্তরপত্র হিসেবে ব্যবহার করা নিষিদ্ধ।
- নিজস্ব হস্তাক্ষরে উত্তর লেখা একান্তই আবশ্যক।

## C] উত্তরপত্রে পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলীর বিশদীকরণ :

- নিম্নলিখিত তথ্যাবলী প্রতিটি পাতায় মার্জিনের উপরে পরীক্ষার্থীদের লিখতে হবে :

| Page No. 01/04 | **Name of Examinations:** **Bankura University Postgraduate Semester IV Examinations 2020**<br>UID No._____________ Activity ID/Code __________<br>পরীক্ষার্থীর নামঃ __________ কোর্স আই ডি ____________<br>কলেজের নামঃ __________ বিষয়ঃ ____________ |
|---|---|
| | SAMPLE PAGE 01 |


| Page No. 02/04 | **Name of Examinations:** **Bankura University Postgraduate Semester IV Examinations 2020**<br>UID No._____________ Activity ID/Code __________<br>পরীক্ষার্থীর নামঃ __________ কোর্স আই ডি ____________<br>কলেজের নামঃ __________ বিষয়ঃ ____________ |
|---|---|
| | SAMPLE PAGE 02 |

| Page No. 03/04 | **Name of Examinations:** **<u>Bankura University Postgraduate Semester IV Examinations 2020</u>**<br>UID No.____________ Activity ID/Code __________<br>পরীক্ষার্থীর নামঃ __________ কোর্স আই ডি __________<br>কলেজের নামঃ __________ বিষয়ঃ __________ |
|---|---|
| | SAMPLE PAGE 03 |

| Page No. 04/04 | **Name of Examinations:** **<u>Bankura University Postgraduate Semester IV Examinations 2020</u>**<br>UID No.____________ Activity ID/Code __________<br>পরীক্ষার্থীর নামঃ __________ কোর্স আই ডি __________<br>কলেজের নামঃ __________ বিষয়ঃ __________ |
|---|---|
| | SAMPLE PAGE 04 |

## D] উত্তরপত্রের জন্য ব্যবহারযোগ্য পাতার সীমারেখা নির্ধারণ (সংখ্যা) :

- <u>একজন পরীক্ষার্থী যে কোন বিষয়ের পরীক্ষার জন্য এ৪ **আকারের** পৃষ্ঠা সর্বাধিক ৪টি (চারটি) ব্যবহার করতে পারবে (পাতার উভয় দিক এই হিসাবের বাইরে থাকবে)। নির্দেশিকাটি দেওয়া হল পরীক্ষার্থীর প্রদত্ত বৈদ্যুতিন উত্তরপত্র/ ফাইল প্রেরণ /জমা / আপলোড ইত্যাদির সুবিধার্থে ।</u>




**(A4 size paper)** **(A4 size paper)** **(A4 size paper)** **(A4 size paper)**

- যদি কোনো প্রশ্নপত্রের পূর্ণমান ২০-বেশি হয় শুধুমাত্র সেই প্রশ্নপত্রের ক্ষেত্রে উত্তরপত্রের সংখ্যা সর্বাধিক ছয়টি করা যেতে পারে। এক্ষেত্রেও পাতার মাপ এক থাকবে (এ৪)।
- রসায়ন,গণিত,ইত্যাদি বিষয়ে সমীকরণ/গণনার জন্য উত্তরপত্র হিসেবে সর্বাধিক ছ'টি সাদা এ-৪ সাইজের কাগজ (অবশ্যই এক দিক) ব্যবহার করা যেতে পারে।
- পরীক্ষার্থীদের বোঝবার সুবিধার্থে উত্তরপত্রের একটি নিদর্শন এই বিজ্ঞপ্তির সঙ্গে যুক্ত করা হল

## E] উত্তরপত্রের বৈদ্যুতিন ফাইলে রূপান্তর:

- পরীক্ষা সমাপ্তির পর গুগুল প্লে থেকে অ্যাবড স্ক্যান, ক্যামেরা স্ক্যানার,প্রজ স্ক্যানার,কাগজ স্ক্যানার ইত্যাদি অ্যাপসের মাধ্যমে পরীক্ষার উত্তরপত্র স্ক্যান করে অথবা উত্তরপত্রের ছবি নিতে হবে। ঐ সকল অ্যাপসগুলি উত্তরপত্রগুলিকে বৈদ্যুতিন ফাইলে রূপান্ত্রিত করবে।
- চার পাতার উত্তরপত্র মানে এই নয় যে চারটি আলাদা ফাইল। এগুলির একটিমাত্র ফাইল হবে।
- ডকুমেন্ট স্ক্যানার অ্যাপ দিয়ে একের পর এক পাতার ছবি নিয়ে একটি বৈদ্যুতিন ফাইল তৈরি করতে হবে।

- ঐ বৈদ্যুতিন ফাইলগুলিকে এরপর পি ডি এফ ফরম্যাটে জমা করতে হবে। এরজন্য কোনো নথিস্ক্যানারের সাহায্য নিতে হবে। পি ডি এফ ছাড়া অন্য কোনো ফরম্যাট গৃহীত হবে না।
- ছবি বা স্ক্যান যাতে অস্পষ্ট,কালো কিম্বা অসংবদ্ধ না হয় সেদিকে লক্ষ রাখা বাঞ্ছনীয়। ছবি বা স্ক্যানের বিষয় পঠনযোগ্য এবং সুস্পষ্ট হতে হবে।

## F] <u>বৈদ্যুতিন ফাইলের নামকরণ (উত্তরপত্রের ফাইল):</u>

- ফাইলের নাম হবে এরকম : **UID_ACTIVITY ID.** উদাহরণ স্বরূপ বলা যায়,ধরাযাক কোনো পরীক্ষার্থীর UID যদি 17001010101 হয় এবং ACTIVITY ID 123456789 হয়, তবে তার প্রেরিত ফাইলের শিরোনাম হবে : **17001010101_123456789.**
- প্রশ্নপত্রের উপরে নয় সংখ্যার **ACTIVITY ID** দেখতে পাওয়া যাবে। এই **ACTIVITY ID** সকল পরীক্ষার্থীর অ্যাডমিট কার্ডেও দেখতে পাওয়া যাবে।
- সংরক্ষিত উত্তরপত্র অন্য কোনো ফাইলের নামে আপলোড করার অনুমতি দেওয়া হবে না।

## G] <u>বৈদ্যুতিন ফাইলের আয়তনসীমা (উত্তরপত্র):</u>

- প্রেরণীয় বৈদ্যুতিন ফাইল-এর আয়তন তিন এম বি -এর বেশি হবে না।
- তিন এম বি-এর বেশি আয়তনের ফাইল হলেই পোর্টাল দ্বারা স্বয়ংক্রিয় ভাবে প্রত্যাখ্যাত হবে
- পরীক্ষার্থীদের আপলোডের সমস্যার জন্য বৃহদাকার ফাইলের স্থলে ফাইলের আয়তন সীমিত করা হল।
- পরীক্ষার্থীদের তাই ফাইলের আয়তন সীমিত/নিয়ন্ত্রনের চেষ্টা করতে বলা হচ্ছে।
- যদি একান্তই প্রয়োজন হয় তবে বড় ফাইল সংকোচনের মধ্যদিয়ে তিন এম বি-এর মধ্যে রাখতে হবে।

## H] উত্তরপত্রের বৈদ্যুতিন ফাইল জমা/ অন্তরভুক্তিকরণ :

- বৈদ্যুতিন ফাইলে সংরক্ষিত উত্তরপত্র পরীক্ষা সমাপ্তির দু'ঘন্টার মধ্যে ঐদিন জমা দিতে হবে।
- পরীক্ষার্থীদের দু'ঘন্টা সময় বরাদ্দ হয়েছে উত্তরপত্রের বৈদ্যুতিন ফাইলে রূপান্তর এবং অন্তর্ভক্তিকরণ (আপলোড) এর জন্য।
- ইউনিট্রাক পোর্টাল অ্যাকাউন্টের বোতাম ক্লিক করে উত্তরপত্রের বৈদ্যুতিন ফাইল জমা বা অন্তর্ভুক্তি করতে হবে।
- আপলোড সফল হলে একটি **POP UP** মেসেজ ভেসে উঠবে।
- তিন এম বি-এর বেশি ফাইল হলে কম্পিউটর কর্তৃক তা স্বয়ংক্রিয়ভাবে প্রত্যাখ্যাত হবে।
- ইউনিট্রাক পোর্টালে আপলোড বা অন্তর্ভুক্তিকরণের সুবিধার পাশাপাশি একটি **বৈ-ডাক** ঠিকানা **(Email address** )পরীক্ষার দিনই প্রদত্ত হবে।
- উত্তরপত্র আপলোড করতে না পারলেও পরীক্ষার্থীদের আতঙ্কিত হতে হবে না। তারা সঙ্গে সঙ্গে যাচাই করে দেখবেঃ
    - ঐ সময়ে Internet-এর download গতি।
    - উত্তরপত্রের বৈদ্যুতিন ফাইলের আয়তন।
- যদি একান্তভাবে অন্তর্ভুক্তিকরণে যে পরীক্ষার্থীরা অসমর্থ হবে তারা সংশ্লিষ্ট HoD/TiC /কলেজ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে প্রদত্ত email address ঐ বৈদুতিন ফাইল পাঠাতে পারে।
- সংশ্লিষ্ট HoD/TiC কলেজ কর্তৃপক্ষের অনুমতি ছাড়া উত্তরপত্র প্রদত্ত email addressএ পাঠালে সেই উত্তরপত্র বাজেয়াপ্ত হবে এবং পরীক্ষার্থী অনুপস্থিত হিসেবে গণ্য হবে।

## I] পরীক্ষার্থীদের ইউনিট্রাক পোর্টালের ব্যবহার:

- সকল পরীক্ষার্থীদের ইউনিট্রাক পোর্টাল অ্যাকাউন্টে পরীক্ষার দিন (পরীক্ষা শুরুর ৩০মিনিট পূর্বে) প্রশ্নপত্র ডাউনলোড এবং পরীক্ষা সমাপ্তির ২ ঘন্টার মধ্যে আপলোড-এই দুয়েরই সুযোগ পাওয়া যাবে।
- সমস্ত প্রশ্নই পরীক্ষার্থীরা ডাউনলোড করতে পারবে।
- আপলোড বোতাম ক্লিক করার পরেই সকল বৈদ্যুতিন উত্তরপত্র ফাইল আপলোড করা যাবে

- পরীক্ষার্থীর UID হল ইউনিট্রাক পোর্টালের' ইউজারনেম এবং প্রবেশক শব্দ ( Password) (যেমন যেমন প্রয়োগযোগ্য) পরীক্ষার্থীদের মোবাইলে বেশ কয়েকবার পাঠানো হবে (যারা মোবাইল নম্বরের সাম্প্রতিকীকরণ **( আপডেট )**করার জন্য আবেদন করেছ তারা ২৯/০৯/২০২০ এবং তারপর থেকে বার্তা ( **message)** পেয়ে যাবে।
- ইউনিট্রাক পোর্টালের অ্যাকাউন্টের ইউজার নেম এবং পাশওয়ার্ড সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের কাছ থেকেও পাওয়া যাবে।

## J] বৈদ্যুতিন উত্তরপত্রের জমা দেওয়ার মহড়া:

- সকল পরীক্ষার্থীদের অনুশীলনের সুবিধার জন্য বৈদ্যুতিন উত্তরপত্র পাঠানোর মহড়া প্রক্রিয়া অনুষ্ঠিত হবে।
  - ৩০/০৯/২০২০(বেলা ৫টা পর্যন্ত) pgmockapsubmission@bankurauniv.ac.in মেইলেও বৈদ্যুতিন উত্তরপত্র জমা দেওয়া যাবে।
  - জমা দেওয়া বৈদ্যুতিন ফাইল পাঠানোর সুযোগ মাত্র একবারই মিলবে।
  - মনে রাখতে হবে হাজার হাজার পরীক্ষার্থীরা ব্যবহার করবে এই প্রকৌশল। তাই পরীক্ষার্থীদের বারংবার উত্তর দেওয়া বা মেইল পাঠানো উচিত নয়।

## K] বৈদ্যুতিন মাধ্যম ব্যবহার করছেনা এমন পরীক্ষার্থীবৃন্দ :

- যে সকল পরীক্ষার্থী বৈদ্যুতিন মাধ্যম ব্যবহার করতে অসমর্থ তারা উপরোক্ত নির্দেশিকাটি উপেক্ষা করে নিম্নোস্বাক্ষরিতের পূর্ব বিজ্ঞপ্তিগুলি অনুসরণ করতে পারে।
- এইরূপ পরীক্ষার্থী তার বাড়ির নিকটতম স্থলে অবস্থিত যেকোনো পরীক্ষা সহায়ক কেন্দ্র থেকে (বাঁকুড়া বিশ্ববিদ্যালয় / স্নাতকোত্তর কলেজ) প্রশ্নপত্রের হার্ডকপি সংগ্রহ করতে পারবে।
- এইরূপ পরীক্ষার্থীদের পরীক্ষা সমাপ্তির দু'ঘন্টার মধ্যে সেই পরীক্ষা সহায়ক কেন্দ্রে উত্তরপত্র জমা দিতে হবে।
- সেই উত্তরপত্র ঐ সহায়তাকেন্দ্র বৈদ্যুতিন সংস্করণে রূপান্তরিত করবে পরীক্ষার্থীর হয়ে।

- সম্পূর্ণ প্রক্রিয়া চলাকালীন পরীক্ষার্থীকে পরীক্ষা সহায়ক কেন্দ্রে অবশ্যই বাঁকুড়া বিশ্ববিদ্যালয় / স্নাতকোত্তর কলেজ পরিচয়পত্র এবং অ্যাডমিট কার্ড সঙ্গে নিয়ে যেতে হবে।
- কোভিড-১৯ অতিমারী প্রতিরোধার্থে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ঘোষিত নির্দেশাবলীকে মান্যতা দিয়েই পরীক্ষার্থীদের পরীক্ষা সহায়তাকেন্দ্রে যেতে হবে।
- বাঁকুড়া **বিশ্ববিদ্যালয়ে / স্নাতকোত্তর কলেজে বা কোনো পরীক্ষা সহায়তাকেন্দ্রে বসে কোনো পরীক্ষার্থী পরীক্ষা দিতে পারবে না।**
- কোনো পরীক্ষার্থী কোভিড-১৯ অতিমারীর নির্দেশিকা অথবা পরীক্ষা সহায়তা কেন্দ্রের কার্যাবলীর ব্যাপারে বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত নির্দেশিকা অমান্য করলে পরীক্ষা সহায়তা কেন্দ্রের উপযুক্ত কর্তৃপক্ষের রিপোর্টের ভিত্তিতে প্রশাসনিক নিয়ম ও আইনানুসারে তার/তাদের বিরুদ্ধে শৃঙ্খলা ভঙ্গজনিত পদক্ষেপ করা হবে।

Sd/-

Controller of Examinations (Addl. Charge),
Bankura University

Copy to:

1. The Registrar, *Bankura University*
2. The Inspector of Colleges, *Bankura University*
3. All Principals / TiCs / OiCs of affiliated colleges where UG courses are taught
4. The Secretary to the Hon'ble Vice Chancellor, *Bankura University*
5. Guard File

Controller of Examinations
(Addl. Charge)
Bankura University